



# আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

## অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ : ১৭ মাঘ ১৪৩০  
৩১ জানুয়ারি ২০২৪

### প্রশাসনিক পরিপত্র নং- ০২/২০২৪

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর পরিচালনা পর্ষদের ২৮ জুলাই ২০১৬ তারিখে অনুষ্ঠিত ১৩৯তম সভা এবং ২৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত ১৮০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা সহায়ক ভাতা সম্পর্কে নিম্নরূপ উল্লেখ রয়েছেঃ

ক) সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হবে। তবে, স্বামী ও স্ত্রী উভয়ই সরকারি / আধাসরকারি / স্বায়ত্তশাসিত /আইসিবি-র সাবসিডিয়ারি কোম্পানির কর্মচারী হলে সন্তান সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ করতে হবে। শিক্ষা সহায়ক ভাতা বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২৩ বৎসর পর্যন্ত বয়সী সন্তানেরা প্রাপ্য হবেন। এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪.১০.২০১৫ খ্রি: তারিখের ০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৭৯ নং স্মারক এবং ৩১.০১.২০১৮ তারিখের এস,আর,ও নং. ৪১-আইন /২০১৮ অনুসরণীয় হবে।

০২। সে মোতাবেক কোম্পানির কর্মচারীগণ জানুয়ারি-ডিসেম্বর ২০২৪ পর্যন্ত সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা এবং অনধিক ০২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হবেন।

০৩। উপর্যুক্ত বিধানের আওতায় সন্তান শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্তির জন্য আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে কোম্পানির সকল কর্মচারীগণকে সংযুক্ত নমুনা অনুযায়ী আবেদন ও তৎসঙ্গে নিম্নলিখিত দলিলাদি সংযুক্তপূর্বক অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট এ দাখিল করার জন্য অনুরোধ করা হলোঃ

ক) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র (Enrollment Certificate from the Head of Institute);

খ) জন্ম সনদের কপি (Copy of Birth Certificate)।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(মোহাম্মদ হৌহিদ আহমদ)  
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ।
- ০৬। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ:

উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা  
(অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন)  
আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড  
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়: শিক্ষা সহায়ক ভাতা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট-এর ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের প্রশাসনিক পরিপত্র নং- ০২/২০২৪ উল্লেখ্য।

০২। উক্ত প্রশাসনিক পরিপত্র মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর .....জন সন্তানের শিক্ষা সহায়ক ভাতা প্রদান করার নিমিত্ত নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হলোঃ

১.	কর্মচারীর নাম	:			
২.	পদবি ও গ্রেড	:			
৩.	আইডি নং	:			
৪.	বর্তমান কর্মস্থল	:			
৫.	ক) স্বামী/স্ত্রী চাকুরিজীবী কি-না? (হ্যাঁ/ না)	:			
	খ) স্বামী/স্ত্রী চাকুরিজীবী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম এবং স্বামী/স্ত্রী এর নাম	:			
	গ) আপনার স্বামী/স্ত্রী চাকুরিজীবী হিসেবে উক্ত প্রতিষ্ঠান হতে সন্তান শিক্ষা সহায়ক ভাতা গ্রহণ করেন কি-না? (হ্যাঁ/ না)	:			
৬.	সন্তান/সন্তানদের বিবরণ:				
	ক্রম.	সন্তান/সন্তানদের নাম	জন্ম তারিখ	শ্রেণি ও শিক্ষাবর্ষ	শিক্ষা প্রতিষ্ঠানের নাম
	ক.				
	খ.				

০৩। এমতাবস্থায়, আমার .....জন সন্তানের জন্ম নিবন্ধন সনদের কপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ও তারিখ :

নাম :

